**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

স্মারক নম্বর-১৭.০০.০০০০.০২৫.৫০.০৫৪.০৮ (অংশ)-৭৫২

তারিখ : ১১ কার্তিক ১৪৩২ / ২৭ অক্টোবর ২০২৫

## প্রজ্ঞাপন

যেহেতু, Representation of the People Order, 1972 এর আওতায় রাজনৈতিক দল হিসাবে নিবন্ধনের জন্য উক্ত আদেশের Article 90B এর শর্তানুযায়ী জাতীয় গণতান্ত্রিক পার্টি নামীয় দল কর্তৃক নিবন্ধনের আবেদনের প্রেক্ষিতে জাতীয় গণতান্ত্রিক পার্টি নামীয় দলকে নির্বাচন কমিশন সচিবালয়ের ২০ নভেম্বর ২০০৮ তারিখের নিকস/প্র-৩/রাদ/৫(৫৩)/২০০৮/১৩৫৬ প্রজ্ঞাপনমূলে নিবন্ধন প্রদান করা হইয়াছিল (নিবন্ধন নম্বর-০৩৬, প্রতীক-'হুক্কা', তারিখ: ২০ নভেম্বর ২০০৮)। পরবর্তীতে, দলটির নাম সংশোধন করিয়া "জাতীয় গণতান্ত্রিক পার্টি-জাগপা" নামে ২৪ জুলাই ২০১৪ তারিখে সংশোধিত সার্টিফিকেট প্রদান করা হয়; এবং

যেহেতু, নির্বাচন কমিশন সচিবালয়ের ২৮ জানুয়ারি ২০২১ তারিখের ১৭.০০.০০০০.০২৫.৫০.০৪৫.০৮-১০১ সংখ্যক প্রজ্ঞাপনমূলে জাতীয় গণতান্ত্রিক পার্টি-জাগপা এর নিবন্ধন বাতিল করা হয়; এবং

যেহেতু, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নম্বর- ৭৭৭৬/২০২১ এর ১৯ মার্চ ২০২৫ তারিখের প্রদত্ত রায়ে নির্বাচন কমিশন সচিবালয়ের ২৮ জানুয়ারি ২০২১ তারিখের ১৭.০০.০০০০.০২৫.৫০.০৪৫.০৮-১০১ স্বারকমূলের প্রজ্ঞাপনটি set aside আদেশ প্রদান করা হইয়াছে;

সেইহেতু, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নম্বর- ৭৭৭৬/২০২১ এর ১৯ মার্চ ২০২৫ তারিখের প্রদত্ত রায়ের প্রেক্ষিতে জাতীয় গণতান্ত্রিক পার্টি-জাগপা নামীয় দলের নিবন্ধন বাতিলের বিষয়ে নির্বাচন কমিশন কর্তৃক প্রকাশিত ২৮ জানুয়ারি ২০২১ তারিখের ১৭.০০.০০০০.০২৫.৫০.০৪৫.০৮-১০১ সংখ্যক প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিলক্রমে জাতীয় গণতান্ত্রিক পার্টি-জাগপা'র নিবন্ধন দলীয় প্রতীকসহ (নিবন্ধন নম্বর-০৩৬, প্রতীক-'হুক্কা', তারিখ: ২০ নভেম্বর ২০০৮) পুনর্বহাল করা হইল।

নির্বাচন কমিশনের আদেশক্রমে,

(আখতার আহমেদ)
সিনিয়র সচিব

প্রাপক: উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)
তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ এবং প্রকাশিত গেজেট বিজ্ঞপ্তির ২০ (বিশ) কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অঃ পৃঃ দ্রঃ ১/২

E:\ak nikosh\political party\নিবন্ধিত রাজনৈতিক দল\জাতীয় গণতান্ত্রিক পার্টি (জাগপা)\পুনর্বহাল ফেরতের প্রজ্ঞাপন.docx

অফিসের ঠিকানা ঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ ঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইল ঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস ঃ www.ecs.gov.bd

CamScanner

স্মারক নম্বর-১৭.০০.০০০০.০২৫.৫০.০৫৪.০৮ (অংশ)-৭৫২

তারিখ : ১১ কার্তিক ১৪৩২
২৭ অক্টোবর ২০২৫

অনুলিপি সদয় অবগতির জন্য:-

১. যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

২. প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)।

৩-৬. নির্বাচন কমিশনার মহোদয় জনাব ................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)।

৭. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ আব্দুল হালিম খান)
যুগ্মসচিব (নিঃ ব্যঃ-১)

E:\ak nikosh\political party\নিবন্ধিত রাজনৈতিক দল\জাতীয় গণতান্ত্রিক পার্টি (জাগপা)\পূর্ণবহাল ফেরত প্রজ্ঞাপন.docx

CamScanner